# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ দীর্ঘদিন ধরে বাংলাদেশের প্রতিবেশী রাষ্ট্র মিয়ানমারের সাথে সমুদ্রসীমা নিয়ে বাংলাদেশের বিরোধ চলছিল। এ বিরোধ নিষ্পত্তির জন্য বাংলাদেশ ২০০৯ সালে মিয়ানমারের বিপক্ষে জার্মানির হামবুর্গে অবস্থিত সমুদ্র আইন বিষয়ক আন্তর্জাতিক ট্রাইব্যুনাল বাংলাদেশের যৌক্তিক ন্যায্যভিত্তিক দাবির পক্ষে ঐতিহাসিক রায় দেয়। এই রায়ে প্রতিষ্ঠিত হয়েছে আমাদের ন্যায্য অধিকার।

ক. কোন স্বাধীনতার কারণে বাংলাদেশ একটি স্বাধীন রাষ্ট্র এবং অন্য রাষ্ট্রের হস্তক্ষেপ মুক্ত? ১

খ. আইনের উৎস হিসেবে ন্যায়বোধ সম্পর্কে ধারণা দাও। ২

গ. কোন আইনের ভিত্তিতে বাংলাদেশের সাথে মিয়ানমারের সমুদ্রসীমা সংক্রান্ত বিরোধের মীমাংসা করা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. 'সংঘাত নয় শান্তি প্রক্রিয়ার মধ্য দিয়েও অধিকার প্রতিষ্ঠা করা সম্ভব'— উক্তিটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ ১৫ নভেম্বর ২০০৭ সালে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে ঘটে যায় প্রলয়ংকরী ঘূর্ণিঝড় সিডর। সিডরে ক্ষতিগ্রস্ত অসহায় মানুষের পাশে দাঁড়ায় হাজার হাজার কর্তব্যপরায়ণ মানুষ। এদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ের ছাত্র কবির এবং মামুনের সাথে যোগাযোগ করে বিদেশি দুই ছাত্র আলফ্রেড এবং পিনাক। তারা আমেরিকার বিভিন্ন মানবতাবাদী সংগঠনের সাথে যোগাযোগ করে আর্তমানবতার সেবায় নিজেদের নিয়োজিত করে। এভাবে অসহায় সর্বহারা মানুষদের নতুনভাবে স্বপ্ন পূরণে অবদান রাখে।

ক. একজন ব্যক্তির একই সঙ্গে দুটি রাষ্ট্রের নাগরিকতা অর্জনকে কি বলে? ১

খ. তথ্য প্রদান পদ্ধতি সম্পর্কে কী জান? ২

গ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ছাত্ররা কীভাবে সুনাগরিকতার পরিচয় দিয়েছে? ৩

ঘ. রাষ্ট্রের প্রতি যথাযথ কর্তব্য পালন নাগরিকতার পরিচয়কে বিস্তৃত করে— আলফ্রেড এবং পিনাক এর ভূমিকার আলোকে বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ রাফি তার বন্ধু সাব্বিরকে বলল, বিশ্বের প্রতিটি রাষ্ট্র পরিচালনার জন্যে একটি নীতিমালা থাকে, যার মাধ্যমে রাষ্ট্র পরিচালিত হয়। সাব্বির বলল এর মাধ্যমে একটি দেশ কেমন তা জানা যায় এবং জনগণের স্বাধীনতা ও অধিকার রক্ষিত হয়। তাই এটাকে উত্তমরূপে প্রণয়ন করা উচিত।

http://teachingbd.com

ক. কোন সংবিধান সমাজের প্রগতির সাথে তাল মিলিয়ে পরিবর্তন করা যায়? ১
খ. উত্তম সংবিধানের সংশোধন পদ্ধতি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে বিষয়টির ইঙ্গিত করা হয়েছে তা উত্তম হিসেবে পরিগণিত হওয়ার উপায় বর্ণনা কর? ৩
ঘ. তুমি কি মনে কর বাংলাদেশে উক্ত বিষয়ের নীতিমালাগুলো উত্তম? উত্তরের সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

৪. ▶ নাবিলা নবম শ্রেণির ছাত্রী। ক্লাসে তার শিক্ষক সরকারের তিনটি বিভাগ নিয়ে আলোচনা কালে বলেন, বাংলাদেশ সরকারের তিনটি বিভাগের সমন্বয় থাকা জরুরি। তাই তিনি এদেশে আইনের শাসন প্রতিষ্ঠায় এমন একটি বিভাগের কার্যকর ভূমিকার কথা উল্লেখ করেন যেটি শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করে থাকে।

ক. জেলা কোষাগারের রক্ষক ও পরিচালক কে? ১
খ. জেলা প্রশাসককে কেন জেলার মূল স্তম্ভ বলা হয় ব্যাখ্যা কর। ২
গ. আইনের শাসন প্রতিষ্ঠায় নাবিলার শিক্ষক কোন বিভাগের কার্যকর ভূমিকার কথা উল্লেখ করেন? এর গঠন বর্ণনা কর। ৩
ঘ. 'শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করাই উক্ত বিভাগের একমাত্র কাজ' তুমি কি এ বক্তব্যের সাথে একমত? বিশ্লেষণ কর। ৪

৫. ▶ বাংলাদেশের জাতীয় নির্বাচনে 'ক' ও 'খ' ব্যক্তি ঢাকার একটি আসন থেকে প্রতিযোগিতা করে। তারা ভোটারদের বাড়িতে গিয়ে কুশল বিনিময় করেন। এছাড়াও নির্বাচনি এলাকার বিভিন্ন স্থানে মিটিং মিছিল কর্মসূচি পালন করেন। নির্বাচনে ভোটারগণ 'খ' ব্যক্তিকে সৎ যোগ্য মনে করে ভোট দিয়ে জয়যুক্ত করে।

ক. কোন শাসন ব্যবস্থায় রাজনৈতিক দল অপরিহার্য? ১
খ. রাজনৈতিক দলের প্রধান লক্ষ্য কী? ব্যাখ্যা কর। ২
গ. 'খ' ব্যক্তি কোন পদ্ধতিতে নির্বাচিত হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নির্বাচনে 'ক' ও 'খ' ব্যক্তির কাজগুলোর মধ্য দিয়ে রাজনৈতিক দলের একটি অন্যতম কাজের প্রতিফলন ঘটেছে। উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৬. ▶ তুহিনের গ্রামে একটি বাল্যবিবাহের আয়োজন চলছে। এটি জেনে সে স্থানীয় ইউপি সদস্যের কাছে অভিযোগ করে। এতে ইউপি সদস্যগণ ঐ বিবাহ বন্ধে কার্যকর ব্যবস্থা নেওয়ার উদ্যোগ গ্রহণ করেন। তুহিন মনে করে, স্থানীয় প্রশাসনই সরকারের সহায়ক হিসেবে কাজ করে।

ক. কোন সরকার ব্যবস্থায় জনগণ রাষ্ট্রের শাসনকার্যে প্রত্যক্ষভাবে অংশগ্রহণের সুযোগ পায়? ১
খ. 'স্থানীয় শাসন গণতান্ত্রিক সরকার ব্যবস্থার অপরিহার্য অংশ'- ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. বাল্য বিবাহ বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণে উদ্দীপকে কোনটির ভূমিকা গুরুত্বপূর্ণ তা আলোচনা কর। ৩

ঘ. তুহিনের মন্তব্যের সাথে তুমি কি একমত? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶পাঁচ বোনের মধ্যে রিমি সবার বড়। মাধ্যমিক পরীক্ষা দেওয়ার আগেই রিমির বিয়ে হয়ে যায়। তার বাবা ফজল মিয়া দরিদ্র কৃষক। কোনো পুত্র সন্তান না থাকায় তিনি দ্বিতীয় বিয়ে করেছেন। পরের স্ত্রীরও তিন ছেলে ও দুই মেয়ে। ফজল মিয়া দুই স্ত্রী ও সন্তানসহ যৌথভাবে কোনো রকমে দিনাতিপাত করেছেন। অন্যদিকে রিমির একাধিক ছেলে সন্তান হওয়ায় পরিবারের সকলেই খুশি।

ক. বাংলাদেশের উন্নয়নে কোনটি সংরক্ষণ জরুরি? ১

খ. জনসংখ্যার পুনর্বন্টন জনসংখ্যা সমস্যা সমাধানের অন্যতম উপায় ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোচনায় বাংলাদেশের নাগরিক সমস্যার যে বিষয়টি ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩

ঘ. 'উক্ত বিষয়টি বাংলাদেশের নাগরিক জীবনের একটি অন্যতম প্রধান সমস্যা'- বিশ্লেষণ কর। ৪

৮. ▶১৯৬৬ সালে লাহোরবিরোধী দলের এক সম্মেলনের আয়োজন করা হয়। উক্ত সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি কর্মসূচি পেশ করেন। পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানকে শোষণের বিরুদ্ধে এ কর্মসূচিটি ছিল তীব্র প্রতিবাদ আর বাঙালির অধিকার আদায়ের সনদ।

ক. ১৯৭১ সালে স্বাধীন হওয়ার আগে আমরা কোন দেশের নাগরিক ছিলাম? ১

খ. লাহোর প্রস্তাব কি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন কর্মসূচির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কর্মসূচিটির গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৯. ▶দ্বিতীয় বিশ্বযুদ্ধের ধ্বংসলীলা দেখে বিশ্ব নেতৃবৃন্দ শঙ্কিত ও হতবাক হয়ে যায়। তারা একমত ও একজোট হয়ে যুদ্ধ বন্ধ এবং শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে একটি বিশ্ব সংগঠন গড়ে তোলেন। এই সংগঠনের প্রধান নির্বাহী কর্মকর্তাকে মহাসচিব বলা হয়। কার্যত মুক্তিযুদ্ধের সময় থেকেই সংগঠনটির সাথে বাংলাদশের গভীর ও হৃদ্যতাপূর্ণ সম্পর্ক গড়ে উঠেছে।

ক. ওআইসির সদর দপ্তর কোথায় অবস্থিত? ১

খ. সার্কের গঠন বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে কোন আন্তর্জাতিক সংগঠনের কথা বলা হয়েছে? সংগঠনটির মহাসচিবের দায়িত্ব বর্ণনা কর। ৩

ঘ. উক্ত সংগঠনটির সাথে বাংলাদেশের সম্পর্ক মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

বিষয় কোড : ১ ৪ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোন পরিবারে একজন পুরুষের একাধিক স্ত্রী থাকে?**
ক একক পরিবারে খ একপত্নীক পরিবারে
গ বহুপত্নীক পরিবারে ঘ বহুপতি পরিবারে

**২. কোনটি শিশুর শাশ্বত বিদ্যালয়?**
ক সমাজ খ পরিবার
গ রাষ্ট্র ঘ শিক্ষা প্রতিষ্ঠান

**৩. মানুষের মৌলিক চাহিদা কী?**
ক খাদ্য, বস্ত্র, সম্পদ, শিক্ষা ও ব্যক্তিত্ব
খ খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা
গ পরিবার, সন্তান, শিক্ষা ও বাসস্থান
ঘ খাদ্য, বস্ত্র, চিকিৎসা ও অর্থ

**৪. আমরা কীভাবে দেশের রাজনীতি সম্পর্কে সচেতন হয়ে উঠি?**
ক বড়দের রাজনৈতিক আলোচনা শুনে ও সে আলোচনায় অংশগ্রহণের মাধ্যমে
খ পরোক্ষ ও প্রত্যক্ষ রাজনীতিতে অংশগ্রহণের মাধ্যমে
গ বড় বড় নেতাদের সান্নিধ্য থেকে
ঘ ছাত্র রাজনীতির সাথে যুক্ত হয়ে

**৫. অবকাশ যাপন ও চিত্তবিনোদনের প্রাণকেন্দ্র কোনটি?**
ক সমাজ খ বংশ গ গোত্র ঘ পরিবার

**৬. কোনটির সম্পর্ক অবিচ্ছেদ্য?**
ক মানুষ ও সমাজের খ স্বামী ও স্ত্রীর
গ শিক্ষক ও ছাত্রের ঘ পিতা ও পুত্রের

**৭. সমাজ গঠনের মূল উদ্দেশ্য কী?**
ক শিক্ষা খ জনগণের কল্যাণ
গ ব্যক্তির নিরাপত্তা বিধান
ঘ সামাজিক মূল্যবোধের চর্চা

**৮. সংকীর্ণ অর্থে পৌরনীতি—**
i. অধিকার সম্পর্কিত বিজ্ঞান
ii. অধিকার ও কর্তব্য সম্পর্কিত বিজ্ঞান
iii. সমসাময়িক বিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i,ii ও iii

**৯. রাষ্ট্রের স্থানীয় সংস্থা হলো—**
i. ইউনিয়ন পরিষদ ii. পৌরসভা
iii. সিটি কর্পোরেশন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i,ii ও iii

**১০. পারিবারিক গঠন ও কাঠামোর ভিত্তিতে পরিবারকে ভাগ করা যায়—**
i. একক পরিবার ii. পিতৃতান্ত্রিক পরিবার
iii. যৌথ পরিবার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i,ii ও iii

**১১. মানুষ পরিবারে বসবাস করে। কারণ মানুষ পরিবারেই—**
i. জন্মগ্রহণ করে ii. লালিত পালিত হয়
iii. মৃত্যুবরণ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i,ii ও iii

**১২. আলী সাহেব একটি দেশে বসবাস করেন এবং তিনি ঐ দেশের সম্পত্তি ভোগ করেন। তিনি নিচের কোন অধিকারটি ভোগ করেন?**
ক রাজনৈতিক অধিকার খ নৈতিক অধিকার
গ সামাজিক অধিকার ঘ অর্থনৈতিক অধিকার

**১৩. অবকাশ লাভের অধিকার নাগরিকের কোন ধরনের অধিকার?**
ক অর্থনৈতিক খ সামাজিক
গ রাজনৈতিক ঘ নৈতিক

**১৪. নৈতিক কর্তব্য কোনটি?**
ক নির্বাচনে ভোটাধিকার খ মত প্রকাশের
গ পরিবার গঠনের
ঘ সততার সাথে ভোটদান

**১৫. অধিকারের সীমা কী দ্বারা সীমাবদ্ধ?**
ক কর্তব্যের দাবি দ্বারা খ দায়িত্ব দ্বারা
গ মানবিক গুণাবলির দ্বারা
ঘ সামাজিক কর্তব্য দ্বারা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও:**
রবিন বাংলাদেশের নাগরিক। সে জীবিকার তাগিদে সরকারি ভিসা নিয়ে লিবিয়ায় যায়। লিবিয়ায় রাজনৈতিক সংকটের সময় সে দেশে ফিরে আসার জন্য বাংলাদেশ দূতাবাসের সাহায্য চায়।

**১৬. রবিনের বাংলাদেশ দূতাবাসের সাহায্য চাওয়া কোন ধরনের অধিকার?**
ক সামাজিক খ রাজনৈতিক
গ অর্থনৈতিক ঘ নৈতিক

**১৭. রবিনের উক্ত অধিকারটি ভোগ করার কারণ হলো—**
i. সে রাষ্ট্রের আদেশ পালন করে
ii. নিয়মিত কর দেয়
iii. সন্তানদের সুশিক্ষার ব্যবস্থা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও iii গ ii ও iii ঘ i,ii ও iii

**১৮. অর্থনৈতিক ভিত্তিতে রাষ্ট্র কত প্রকার?**
ক দুই প্রকার খ তিন প্রকার
গ চার প্রকার ঘ পাঁচ প্রকার

**১৯. একনায়কতন্ত্রে রাষ্ট্রের ক্ষমতা কার হাতে ন্যস্ত থাকে?**
ক একজনের হাতে
খ যেকোনো লোকের হাতে
গ রাজনৈতিক দলের হাতে
ঘ জনগণের হাতে

Teachingbd.com

http://teachingbd.com

২০. অবাধ প্রতিযোগিতার মাধ্যমে পরিচালিত হয়—
i. উৎপাদন ব্যবস্থা ii. সরবরাহ ব্যবস্থা
iii. মূলধন ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i,ii ও iii

২১. রাষ্ট্র যে ধরনের ক্ষমতার অধিকারী—
i. স্বাভাবিক ii. সার্বভৌম
iii. সর্বোচ্চ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i,ii ও iii

২২. উত্তম সংবিধানের বৈশিষ্ট্যসমূহের আওতায় নয়—
i. মৌলিক অধিকার ii. প্রজাতান্ত্রিক
iii. দুষ্পরিবর্তনীয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i,ii ও iii

২৩. ঐতিহ্যের বাহক কোনটি?
(ক) লিখিত সংবিধান (খ) অলিখিত সংবিধান
(গ) দুষ্পরিবর্তনীয় সংবিধান
(ঘ) লিখিত ও সুপরিবর্তনীয় সংবিধান

উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :
ছোট রিমা বাবার সাথে টিভির খবর দেখছিল। সে দেখল, দুজন ব্যক্তি পাশাপাশি দাঁড়িয়ে হাতে বই নিয়ে একজন পাঠ করছেন, অন্যজন শুনে শুনে বলছেন। রিমা বাবাকে জিজ্ঞেস করলে বাবা বললেন, শাসন বিভাগের সর্বোচ্চ সম্মানিত ব্যক্তি বিচার বিভাগের প্রধানকে শপথ বাক্য পাঠ করাচ্ছেন?

২৪. রিমার বাবা শাসন বিভাগের সর্বোচ্চ সম্মানিত ব্যক্তির দ্বারা কাকে বোঝালেন?
(ক) প্রধানমন্ত্রীকে (খ) রাষ্ট্রপতিকে
(গ) সচিবকে (ঘ) মহাপরিচালককে

২৫. যিনি শাসন বিভাগের সর্বোচ্চ সম্মানিত ব্যক্তি তিনি—
i. সংসদ সদস্যদের দ্বারা নির্বাচিত হয়েছেন
ii. পাঁচ বছরের জন্য দায়িত্বপ্রাপ্ত
iii. তিনি দেশের প্রকৃত শাসন ক্ষমতার অধিকারী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i,ii ও iii

২৬. রাষ্ট্র গড়ে ওঠে—
i. গ্রাম নিয়ে ii. পরিবার নিয়ে
iii. সমাজ নিয়ে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i,ii ও iii

২৭. স্থানীয় শাসনব্যবস্থার অপরিহার্য অংশ—
(ক) দেশপ্রেম জাগ্রত করা (খ) সরকার গঠন করা
(গ) গণতান্ত্রিক সরকার
(ঘ) একনায়তকান্ত্রিক সরকার

২৮. স্থানীয় স্বায়ত্তশাসিত সরকারের উপদাহরণ কোনটি?
(ক) মন্ত্রিপরিষদ (খ) ইউনিয়ন পরিষদ
(গ) শ্রমিক ইউনিয়ন (ঘ) সংবাদ সংস্থা

২৯. "স্থানীয় সরকার সরকারি ও রাজনৈতিক কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করে" উক্তিটি কার?
(ক) ই.এম. হোয়াইটের (খ) জন স্টুয়ার্ট মিলের
(গ) এরিস্টটলের (ঘ) অধ্যাপক গার্নারের

৩০. আমাদের দেশের অধিকাংশ মানুষ—
(ক) ধনী (খ) মধ্যবিত্ত
(গ) প্রভাবশালী (ঘ) দরিদ্র

৩১. কোনটি জনসংখ্যা বৃদ্ধির ফলে সৃষ্ট সমস্যা নয়?
(ক) খাদ্য ঘাটতি (খ) স্বাস্থ্যহীনতা
(গ) নারীর ক্ষমতায়ন (ঘ) অপুষ্টি

৩২. জনসংখ্যার পুনর্বণ্টন বলতে কী বোঝায়?
(ক) বেশি ঘনত্ব স্থান থেকে অল্প ঘনত্ব জায়গায় জনসংখ্যা সরিয়ে নেওয়া
(খ) জনগণের মধ্যে সঠিক পরিমাণে সম্পদ বণ্টন করা
(গ) প্রতি পরিবারে সমানসংখ্যক লোক বণ্টন করে দেওয়া
(ঘ) প্রতি এলাকায় সমানসংখ্যক লোক বণ্টন করে দেওয়া

৩৩. আমরা কোন দেশের নাগরিক?
(ক) পূর্ব পাকিস্তানের (খ) পশ্চিম পাকিস্তানের
(গ) বাংলাদেশের (ঘ) ভারতের

৩৪. ইউনেস্কো ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা দেয় কখন?
(ক) ১৬ নভেম্বর ১৯৯৯ (খ) ১৭ নভেম্বর ১৯৯৯
(গ) ১৮ নভেম্বর ১৯৯৯ (ঘ) ১৯ নভেম্বর ১৯৯৯

৩৫. যুক্তফ্রন্টের ২১ দফা কর্মসূচির অন্তর্ভুক্ত ছিল—
i. বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দান
ii. ভাষা শহীদদের স্মরণে শহীদ মিনার নির্মাণ
iii. পাট ব্যবসায় জাতীয়করণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i,ii ও iii

৩৬. সার্কের প্রাতিষ্ঠানিক কাঠামোতে কয়টি স্তর আছে?
(ক) ২টি (খ) ৩ টি (গ) ৪ টি (ঘ) ৫ টি

৩৭. সার্ক কী?
(ক) আঞ্চলিক উন্নয়ন সংস্থা
(খ) আন্তর্জাতিক সংস্থা
(গ) স্বেচ্ছাসেবী সংস্থা (ঘ) অনুমোদিত সংস্থা

৩৮. সার্কের প্রধানকে কী বলা হয়?
(ক) চেয়ারম্যান (খ) সভাপতি
(গ) সেক্রেটারি জেনারেল (ঘ) যুগ্ম সম্পাদক

৩৯. জাতিসংঘের প্রথম মহাসচিবের নাম কী?
(ক) ট্রিগভেলী (খ) দ্যাগহ্যামার শোল্ড
(গ) কফি আনান (ঘ) বান কি মুন

৪০. সিডও সনদের মূল বৈশিষ্ট্য হলো—
i. নারী অধিকারের পূর্ণাঙ্গ দলিল
ii. নারীর আইনগত অধিকার নিশ্চিত করে
iii. নারীর প্রতি বৈষম্যের প্রতিবন্ধক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i,ii ও iii

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | খ |
| | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ক |
| | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | ঘ | | | | | | | | | | | | | | | | |

http://teachingbd.com